কাশ্মীরে স্কুল খুললেও শিক্ষার্থী নেই

ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে দুই সপ্তাহ বন্ধ থাকার পর স্কুল খুলে দেওয়া হলেও শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল না।

সোমবার সরকারি এবং বেসরকারি স্কুল খুলে দেওয়া হয়। কিন্তু কোনো স্কুলেই ছাত্রছাত্রী দেখা যায়নি। খবর বিবিসির

কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিলের এখনও কাশ্মীরে থমথমে অবস্থা বিরাজ করছে।

কাশ্মীরের সবচেয়ে বড় শহর শ্রীনগরে প্রায় দুই শতাধিক স্কুল খুলে দেওয়া হয়েছে। কিন্তু বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা অনেক স্কুলে গিয়েও শিক্ষার্থীদের পাননি।

স্থানীয়দের বরাত দিয়ে বলা হয়েছে, সেখানে শিশুদের মাঝে ভয় ও আতঙ্ক কাজ করছে।